8424 8741 500Rs.




33
4 66.00
7.00
73.60

বর্ধমান পৌরসভার অন্তর্গত সম্পত্তি ।

দানপত্র দলিল ।

সম্পত্তির মূল্য - ৭০০০ টাকা।

গ্রহীতা :- শ্রী সৃষ্টিধর পালিত , পিতা - ৺ ভোলানাথ পালিত ,

জাতি - হিন্দু , পেশা - চাকুরী , সাং - কোয়ার্টার নং - M.L. 2- 268 F.C.I Colony [illegible] ( [illegible] ) ।

মনোহর টাঁড় , পোঃ - সিন্দ্রী , জেলা - ধানবাদ ,( বিহার)

দাত্রী :- শ্রী মতী মেনকা ওরফে গীতা নন্দী , স্বামী - শ্রী হরি নারায়ন নন্দী , জাতি - হিন্দু , পেশা - গৃহস্থলী সাং - বাহির [illegible]

কস্য শুভ দান পত্র মিদং কার্য্যঞ্চাগে -

ক্রমশঃ-২

ক্রমশঃ-৩ -






বর্ধমান পৌরসভার অন্তর্গত ৪২নং বাহির সর্বমঙ্গলা মৌজা আর,এস খতিয়ান নং ১৭, দাগ নং - ১৬৯৪ , বর্ত্তমানে বাস্তু , পরিমান ষোল আনা ২১ শতক ও দাগ নং - ১৬৯৭ বর্ত্তমানে বাস্তু ১.৭১ শতক সম্পত্তির মালিক মির্জা ফকির মহম্মদ হইতেছেন। উক্ত মির্জা ফকির মহম্মদ গত ইং - ২৬.৬.১৯৩৬ তারিখে বর্ধমান সদর রেজিষ্ট্রারী অফিসের রেজিষ্টারিকৃত ২৩১৮ নম্বর বিক্রয় কোবালা দলিল মূলে বর্ধমান শ্যাম বাজার নিবাসী কিষন দেয়ী দেবীর নিকট হইতে উপরোক্ত দুই দাগ সম্পত্তি খরিদ করিয়া মালিক স্বত্ববান ও খাস দখল দখলিকার ছিলেন। মির্জা ফকির মহম্মদ উক্ত সম্পত্তি দ্বাদশ বর্ষের উর্দ্ধকাল যাবত জমা দখল করিয়া

ক্রমশঃ-৩ -

60 Rs.

साठ रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

৬০ রু. SIXTY RUPEES 60RS

একটিপূর্ন সুত্রে অর্জন মতে তাহার খরিদা সম্পত্তি বিক্রয় করিতে থাকেন । উক্ত

১৬১৪ দাগ হইতে নির্দিষ্ট ৫ কাঠা এবং ১৬১৭ দাগ হইতে নির্দিষ্ট ১ কাঠা

মোট ৬ কাঠা মায় তদুপরি পাকা প্রাচীর যুক্ত বেষ্ঠিত জায়গা এবং একখানি

এজবেসটস্ ছাউনী পাকা ঘর শ্রী উপেন্দ্র চন্দ্র মুখোপাধ্যায় মহাশয়কে ১৩৬৬ সালের

৩রা শ্রাবন ইং - ২০।৭।১৯৫৯ তারিখে সম্পাদিত ও ঐ তারিখে বর্ধমান ডিঃ সাব -

রেজিষ্টারী অফিসে রেজিষ্টারী কৃত ৫১৫৬ নম্বর বিক্রয় কোবলা দলিল মূলে উপরোক্ত

৬ কাঠা জমি ও তদুপরি একখানি ঘর বিক্রয় করিয়া নিবৃত্ত হন । শ্রী উপেন্দ্র চন্দ্র -

ক্রমশঃ - ৪ -

পঞ্চাশ রুপয়ে

सत्यमेव जयते

भारत

INDIA

FIFTY RUPEES

৫০রু. 50RS

- ৪ -

C. Das
Deed writer

মুখোপাধ্যায় বিহার সরকারের অধীনে চাকুরী করার জন্য তিনি তাহার খরিদা ৬ কাঠা ভূমি ও তদুপরি একখানি ঘর সন ১৩৭০ সালের ৬ই শ্রাবন ইং - ২৩।৭।১৯৬৩ তারিখে সম্পাদিত ও ঐ তারিখে বর্ধমান ডিঃ সাব রেজিষ্টারী অফিসে রেজিষ্টারীকৃত ৫৭৬৭ নম্বর বিক্রয় কবালা দলিল মূলে আমি দলিল দাত্রী আমাকে বিক্রয় করিয়া নিঃস্বত্ব হন। আমার খরিদা সম্পত্তি গত রিভিসন্যাল সেটেলমেন্ট রেকর্ড মির্জা ফকির মহম্মদ এর নামে যথারীতি প্রচার হইয়া তাহা চূড়ান্ত করন বলিয়া ঘোষিত হইয়াছে।

176 আমার খরিদের পর আমি আমার খরিদা ৬ কাঠা জমির উপর আমার নিজ বসবাসের

ক্রমশঃ ৫

গৃহাদি নির্মান করি ও কিছু ফাঁকা জায়গা এখনও পর্য্যন্ত পড়িয়া রহিয়াছে । এবং ঐ বাটীতে স্বামী ও কন্যা সহ বসবাস করিতেছি । ও বর্দ্ধমান মিউনিসিপ্যালিতে আমার নাম মিউটেশন করিয়া লইয়া ধার্য্যকৃত ট্যাক্স ও রাজস্ব খাজনা যথারীতি আদায় দিতেছি ও তৎ দাখিলা গ্রহন করিতেছি । তুমি দলিল গ্রহীতা আমার জ্যেষ্ঠ জামাতা হইতেছ, তোমার নিজস্ব কোন বসবাসের ঘর বাড়ী নাই । যাহার জন্য তোমার বর্দ্ধমানে থাকার অসুবিধা হয় । আমি এবং আমার স্বামী আমরা উভয়ে পরামর্শ ও মনস্থির করিয়াছি যে - আমাদের যে ৬ কাঠা জায়গা রহিয়াছে উহা আমাদের অতিরিক্ত বলিয়া মনে হইতেছে । সুতরাং আমাদের জায়গা হইতে তোমাকে যদি ২ কাঠা জায়গা দেওয়া যায় তাহাতে আমাদের কোন অসুবিধা হইবে না বরং তোমার বসবাসের কিছু সুখ সুবিধা হইবে । এমত চিন্তা ভাবনা করিয়া আমার স্নেহের নিদর্শন স্বরূপ আমার স্বত্ব দখলী ৬ কাঠা ভূমির পূর্ব্ব দিকে নির্দিষ্ট ২ কাঠা ভূমি এবং তদুপরি পূর্ব্ব উত্তর কোনে একখানি এজবেসটস্ ছাউনী পাকা দালান ঘর তোমাকে দান করিবার মনস্থ করিয়াছি এবং তুমি ঐ জায়গা পাইলে তোমার এবং আমার কন্যার বসবাসের কোন অসুবিধা হইবে না । এমত চিন্তা ভাবনা করিয়া অদ্য তোমার নাম বরাবর অত্র দানপত্র দলিল সম্পাদন করতঃ প্রকাশ স্বীকার ও অঙ্গীকার

করিতেছি যে আমার বাটীর লাগাও পূর্ব দিকে যে ২ কাঠা জায়গা ও তদুপরি একখানি ঘর রহিয়াছে এবং উক্ত জায়গায় আসা যাওয়ার জন্য আমার বসত বাটীর লাগাও উত্তর দিকে ৫ ফুট প্রস্থ একটি কমন প্যাসেজ বাহির সর্ব্বমঙ্গলা রোড হইতে আমি রাখিয়াছি । ঐ রাস্তার চলাচল স্বত্ব । আমি তোমাকে দান করিয়া নিঃস্বত্ব হইলাম । তুমি অতঃপর আমার যাবতীয় স্বত্বের ও নির্ব্যূঢ় স্বত্বের মালিক হইয়া ও থাকিয়া দান বিক্রয় আদি সর্ব্ব প্রকার হস্তান্তরের ক্ষমতা যুক্তে নিজ পুত্র পৌত্রাদি ওয়ারীশান ও স্থলাভিষিক্ত গন ক্রমে চিরকাল ইচ্ছা মত পরম সুখে ভোগ দখল করিতে থাক । তাহাতে কস্মীন কালে আমি কিংবা আমার অন্য কোন ওয়ারীশান বা স্থলাভিষিক্ত ব্যক্তি কেহ কখনও কোন প্রকার ওজর আপত্য করিতে পারিব না ও পারিবে না । করিলেও তাহা সর্ব্বত্র অগ্রাহ্য হইবে । দানকৃত সম্পত্তির খাজনা আদি ও মিউনিসিপ্যাল ট্যাক্স তোমার নাম মিউটেশন করিয়া আদায় দিবে ও নিজ নামে চেক্ দাখিলা গ্রহন করিবে তাহাতে আমার সম্মতি দেওয়া হইল ।

দানকৃত সম্পত্তির মূল্য ৭০০০, (সাত হাজার টাকা) ধৃতে তদুপরি উপযুক্ত ষ্ট্যাম্প দিয়া এই দানপত্র দলিল লেখা পড়া হইল । দানকৃত সম্পত্তির আকার অবস্থা আকৃতি এবং ঘর খানি অঙ্কিত করিয়া ও বাহির সর্ব্বমঙ্গলা রোড হইতে ৫' ফুট কমন প্যাসেজটি দেখাইয়া এবং দক্ষিন দিকের ৭' ফুট প্রস্থ কাঁচা রাস্তাটি দেখাইয়া

অত্র সহ একখন্ড নক্সা দেওয়া থাকিল । ঐ নক্সায় লাল রং-এর বর্ডার দেওয়া জায়গা এবং হরিদ্রা বর্নে বর্ডার দেওয়া কমন্ প্যাসেজ দানকৃত সম্পত্তি হইতেছে । ঐ নক্সা এই দলিলের একাংশ বলিয়া গন্য হইবে । তুমি অতঃপর উক্ত জায়গার উপর তোমার বসবাসের গৃহাদি নির্মান করিয়া তথায় স্ত্রী পুত্র, কন্যাদের লইয়া সুখে স্বচ্ছন্দে বসবাস করিতে থাকিবে এবং বর্ধমান পৌরসভায় তোমার নাম মিউটেশন করিয়া লইবে এবং ধার্য্যকৃত ট্যাক্স আদায় দিবে উহাতে আমার সম্মতি দেওয়া রহিল ।

এতদর্থে স্বেচ্ছায় সরল মনে আমি এই দানপত্র দলিল সহি সম্পাদন করিলাম । ইতি - সন - ১৩৯৭ সাল ৩রা অগ্রহায়ন - ইং ২০।১১।৯০

তপশীল :-

থানা, জেলা - বর্ধমান, বর্ধমান পৌরসভার মধ্যে মৌজা - বাহির সর্বমঙ্গলা, জে.এল. নং - ৪২, খং নং - ১৭, দাগ নং - ১৬৯৪ (ষোল শতক চুরানব্বই) বাস্তু হইতে নির্দিষ্ট ও চিহ্নিত পূর্বধার ১৪৪০.৭৫বর্গফুট সমান দেশীয় মাপে ২কাঠা মায় তদুপরি একখানি এসবেষ্টস ছাউনী ঘর, যাহা লাল বর্ডার দ্বারা চিহ্নিত করা আছে । এবং দানকৃত জায়গার পশ্চিম দিকে ৫ ফুট কমন প্যাসেজ যাহা বাহির সর্বমঙ্গলা রোডে

ক্রমশঃ - ৮ -

মিলিত করা আছে, তাহাড়া দক্ষিন দিকে ৭' ফুট চওড়া কাঁচা রাস্তা ইহার উত্তর দিকে ২৮' ৩" ফুট, পূর্ব দিকে ৫১' ফুট, পশ্চিমদিক -৫১' ফুট, দক্ষিন দিক - ২৮' ৩" ফুট। সমান - ১৪৪০.৭৫ দশমিক মাপে ২ কাঠা সমান কমবেশী - .০৩ শতক।

ইহার খাজনা - ১৩ টাকা জমার সামিল।

বর্ধমান মিউনিসিপ্যালিটির মধ্যে সার্কেল নং - ৩

হোল্ডিং নং - ৪৮, আংশিক মহল্লা - বি, এস, রোড।

রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট।

ভূম্যধিকারী পশ্চিমবঙ্গ সরকার বাহাদুর।

C... and marked.

ঠিক:- ৭ ফর্দে ওভারলেপে ২২(৩)" মোলআন্ত চুক্তিনবয় ই" তোলা কাটা লেখা আছে।

শ্রীমতি ... তরফে সীতা নন্দী

ই সা দি :

শ্রী ... দত্ত
দলিল লেখক
বর্দ্ধমান সদর
লাইসেন্স নং ৩৫
এই দলিলের ড্রাফট আমি করিয়াছি।

Gouri Sankar Chudhari
by T. Sur Chudhari

শ্রী ... দত্ত
বর্দ্ধমান।

টাইপকারক : শ্রী প্রবীর কুমার তা।


শ্রী প্রবীর কুমার তা,
বর্দ্ধমান কোর্ট কম্পাউন্ড,

180

SKETCH MAP SHOWING THE PLOT 'A' MARKED IN RED COLOUR, TO BE GIFTED TO SRI [redacted] DHAR PALIT S/O LATE BHOLA NATH PALIT & COMMON PASSAGE MARKED IN YELLOW COLOUR UNDER C.S. PLOT NO 1694, MOUZA-BAHIRSARBAMONGALA J.L. NO 42, KH. NO. 17, HOLDING NO 48, WARD NO 3, UNDER BURDWAN MUNICIPALITY, P.S & DIST- BURDWAN AREA - 2 KATA



SCALE:~ 1 INCH = 20 FEET.




REF:~

1. PLOT 'A' SHOWN IN RED COLOUR TO BE GIFTED TO SRI. SISTRI DHAR PALIT S/O LATE BHOLA NATH PALIT
2. AREA OF PLOT 'A' - 28'-3" X 51'-0" = 1440.75 SFT. SAY, 1440 SFT = 2 KATA.
3. COM. PASSAGE SHOWN IN YELLOW COLOUR.

SIGNATURE OF OWNER.

S. MUKHERJEE
L.C.E.
DRAWN BY:~

Book No. I
Volume No 152
Pages 179 180
Being No. 5 ... 4
for the year 1990

District Sub-Registrar
BURDWAN. D
13/11/90

